



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
পার্সোনেল অধিশাখা  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫  
www.dae.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০১.০০০০.০০০.২১.০০৬.১৮.৬৪

তারিখ: ৮ মাঘ ১৪২৬

২২ জানুয়ারি ২০২০

বিষয়: ২০১৯খ্রিঃ বার্ষিক গোপনীয় প্রতিবেদন স্বাস্থ্য পরীক্ষা প্রসংগে।

সূত্র: জাতীয় বক্ষব্যাদি ইনস্টিটিউট ও হাসপাতাল মহাখালী, ঢাকার জাববইহা/(মোঃ বোঃ এসিআর) স্মারক নং ২০২০/১৩ তারিখ:-১৩/০১/২০২০ খ্রিঃ।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত প্রথম শ্রেণী বিসিএস (কৃষি) (ক্যাডার/নন-ক্যাডার) কর্মকর্তাগণের ২০১৯খ্রিঃ বার্ষিক গোপনীয় অনুবেদনে স্বাস্থ্য পরীক্ষা জাতীয় বক্ষব্যাদি ইনস্টিটিউট ও হাসপাতাল মহাখালী, ঢাকায় আগামী ০২/০২/২০২০ ও ০৩/০২/২০২০খ্রিঃ পর্যন্ত মোট ০২(দুই) দিন নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে প্রশাসন ও অর্থ উইং, সরেজমিন উইং, উদ্ভিদ সংগনিরোধ উইং, উদ্ভিদ সংরক্ষন উইং, হার্টিকালচার উইং, প্রশিক্ষণ উইং, ক্রপস উইং, পরিকল্পনা এবং প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং এর সকল কর্মকর্তাগণের স্বাস্থ্য পরীক্ষা ০২/০২/২০২০খ্রিঃ, সম্পন্ন করা হবে। সকল প্রকল্প ও এলআর কর্মকর্তাগণের স্বাস্থ্য পরীক্ষা ০৩/০২/২০২০খ্রিঃ, সম্পন্ন করা হবে। উক্ত তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে আপনাকে ব্লাড গ্রুপ প্রমানপত্রের মূল কপি/সত্যায়িত ফটোকপি, চক্ষু পরীক্ষার কাগজপত্র, এক্স-রে রিপোর্টসহ (হাসপাতালের ফিল্ম সরবরাহ সীমাবদ্ধ) এবং যুগ্ম সচিব ও তদুর্ধ্ব কর্মকর্তাগণের জন্য ই. সি. জি রিপোর্টসহ উক্ত প্রতিষ্ঠানের সমাজকল্যাণ কর্মকর্তার অফিস কক্ষে উপস্থিত হওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

২২-১-২০২০

মোঃ শাহ আলম  
পরিচালক

বিতরণ :

- ১) পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সকল)। আপনার উইং এ ১ম শ্রেণীর বিসিএস (কৃষি) ক্যাডার/নন ক্যাডার কর্মকর্তাগণকে বিষটি জরুরী ভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ২) প্রকল্প/কর্মসূচী পরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। আপনার অধিনস্থ ১ম শ্রেণীর বিসিএস (কৃষি) ক্যাডার/নন ক্যাডার কর্মকর্তাগণকে বিষটি জরুরী ভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৩) উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (পরিপত্রটি ডিএই'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২২-১-২০২০

মোঃ জয়নাল আবেদীন  
উপপরিচালক